গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সরাইল, ব্রাহ্মণবাড়িয়া।
sarail.brahmanbaria.gov.bd

হাট-বাজার ইজারা (১ম, ২য় ও ৩য় পর্যায়) বিজ্ঞপ্তি।

সরাইল উপজেলাধীন হাট-বাজার নিম্নবর্ণিত সময়সূচী মোতাবেক ১৪৩০ বাংলা সালের ০১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১(এক) বৎসর মেয়াদে ইজারা গ্রহণে ইচ্ছুক ব্যক্তিবর্গের নিকট হতে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্র সিডিউল নির্ধারিত নগদ মূল্যে (অফেরত যোগ্য) নিম্নলিখিত তারিখ অনুযায়ী অফিস চলাকালীন সময়ে জেলা প্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সরাইল, উপজেলা ভূমি অফিস, সরাইল, সরাইল থানা এবং সোনালী ব্যাংক লিমিটেড, সরাইল শাখা হতে ক্রয় করা যাবে। দরপত্র নিম্নে বর্ণিত তারিখ ও সময়ে জেলা প্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সরাইল এবং সহকারী কমিশনার (ভূমি), সরাইল এর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে জমা করা যাবে। দরপত্রের শর্তাবলী ও অন্যান্য তথ্য অফিস চলাকালীন সময় উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সরাইল হতে জানা যাবে।

পর্যায়	দরপত্র ক্রয়ের শেষ তারিখ ও সময়	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র বাক্স খোলার তারিখ ও সময়
১ম পর্যায়	১২/০২/২০২৩ হতে ২৮/০২/২০২৩ খ্রিঃ বিকাল ৪.০০ঘটিকা পর্যন্ত	০১/০৩/২০২৩ খ্রিঃ বেলা-১.০০ টা পর্যন্ত	০১/০৩/২০২৩ খ্রিঃ বেলা-২.০০ টা
২য় পর্যায়	০২/০৩/২০২৩ হতে ১২/০৩/২০২৩খ্রিঃ বিকাল ৪.০০ঘটিকা পর্যন্ত	১৩/০৩/২০২৩ খ্রিঃ বেলা-১.০০ টা পর্যন্ত	১৩/০৩/২০২৩ খ্রিঃ বেলা-২.০০ টা
৩য় পর্যায়	১৪/০৩/২০২৩ হতে ১৯/০৩/২০২৩ খ্রিঃ বিকাল ৪.০০ঘটিকা পর্যন্ত	২০/০৩/২০২৩ খ্রিঃ বেলা-১.০০ টা পর্যন্ত	২০/০৩/২০২৩ খ্রিঃ বেলা-২.০০ টা

হাট-বাজারের তালিকা ঃ

ক্র ঃ নং	হাট-বাজারের নাম	ইউনিয়নের নাম	সরকারি মূল্য	দরপত্রের মূল্য
০১	সরাইল বিকাল বাজার	সরাইল	৭৯,১৫০.০০	৫০০.০০
০২	সরাইল গরুর বাজার	সরাইল	৬,৯৬,৩৪৮.০০	২,০০০.০০
০৩	সরাইল প্রাতঃ বাজার	সরাইল	২৭,৯৯৩.০০	৫০০.০০
০৪	অরুয়াইল বাজার	অরুয়াইল	২,৩২,৩০৭.০০	১,০০০.০০
০৫	দুবাজাইল সমবায় বাজার	অরুয়াইল	১১২৪.০০	৫০০.০০
০৬	চুন্টা বাজার	চুন্টা	১,৩৭,৯৪৭.০০	১,০০০.০০
০৭	কালিকচ্ছ বাজার	কালিকচ্ছ	১,৩৭,৬২৭.০০	১,০০০.০০
০৮	শাহবাজপুর মাদ্রাসা বাজার	শাহবাজপুর	২৫,৪১৯.০০	৫০০.০০
০৯	বারিউড়া বাজার	নোয়াগাঁও	৩৩,৪২৪.০০	৫০০.০০
১০	ভূইশ্বর বাজার	পাকশিমুল	২৩৬৭.০০	৫০০.০০
১১	**জয়ধরকান্দি**	**পাকশিমুল**	১১২৪.০০	**৫০০.০০**
১২	কাটানিশার বাজার	নোয়াগাঁও	২৪৭৩.০০	৫০০.০০
১৩	**জয়ধরকান্দি গরুর বাজার (নতুন)**	**পাকশিমুল**	৭৪,২০০.০০	৫০০.০০

১৪৩০ বাংলা সনের হাট-বাজার ইজারার শর্তাবলী ঃ

১। ১৪৩০ বাংলা সনের ০১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১(এক) বৎসরের মেয়াদে হাট-বাজার ইজারা দেয়া হবে।

২। দরপত্র সিডিউল নির্ধারিত নগদ মূল্যে (অফেরতযোগ্য) উপরে বর্ণিত তফসীলে উল্লেখিত তারিখ মোতাবেক অফিস চলাকালীন সময়ে জেলা প্রশাসক এর কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া, নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়, সহকারী কমিশনার (ভূমি), সরাইল, সরাইল থানা এবং সোনালী ব্যাংক, সরাইল শাখা হতে ক্রয় করা যাবে।

৩। দরপত্র দাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লেখিত দরের ৩০%(শতকরা ৩০ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, সরাইল এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে গণ্য করা হবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিস্কার না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমপনান্তে অব্যয়িত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হবে।

৪। যার দরপত্র গৃহীত হবে দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% টাকা এবং দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% টাকা আয়কর এবং ১৫% টাকা ভ্যাট বাবদ অবশ্যই একই সংগে পরিশোধ করতে হবে।

৫। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি হাট-বাজারের পূর্ববর্তী ০৩(তিন) বৎসরের গড় ইজারা মূল্য (সরকারি মূল্য) হতে কম হলে বিধি মোতাবেক পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।

৬। এক বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার/দাখিল করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না।

৭। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৮। সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদারকে নিজ খরচে বাজার পরিস্কার পরিচ্ছন্ন রাখতে হবে।

৯। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

১০। ইজারা গ্রহীতা কোন ক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লঙ্ঘন করা হয় তা হলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১১। ইজারাদার সমস্ত অর্থ (ভ্যাট,আয়করসহ) পরিশোধের ০৩(তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারা গ্রহীতা কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১২। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

১৩। ইজারা গ্রহীতা নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৪। আর্থিক বিষয়ে কোন প্রকার ঘষামাজা, কাটাকাটি, উপরি লিখন যুক্ত দরপত্র গ্রহণ যোগ্য হবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময় হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী অর্থ ইজারা গ্রহীতাকে প্রদান করা হবে।

১৬। হাট-বাজার ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা হবে।

১৭। ১ম তারিখে দরপত্র গ্রহণের পর অ-ইজারাকৃত হাট বাজার সমূহের জন্য পরবর্তী ধার্য তারিখে দরপত্র গ্রহণ করা হবে এবং দরপত্র গ্রহণের তারিখ গুলোতে অ-ইজারাকৃত হাট বাজার সমূহের জন্য এ কার্যধারা অব্যাহত থাকবে।

১৮। দরপত্রের তফসীলে বর্ণিত পর্যায়/তারিখে কোন হাটের ইজারা সম্পন্ন হলে উক্ত হাটের জন্য পরবর্তী ডাকের বিষয়টি প্রযোজ্য হবে না।

১৯। কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

মুহাম্মদ সরওয়ার উদ্দীন
উপজেলা নির্বাহী অফিসার
সরাইল, ব্রাহ্মণবাড়িয়া
মোবাইল নং-০১৭০৫৪১১২৩৩

স্মারক নং-০৫.৪২.১২৯৪.০০০.৩৫.০১২.২৩.৯৩ তারিখ: ২৯ মাঘ ১৪২৯ / ১২ ফেব্রুয়ারি ২০২৩

অনুলিপিঃ সদয় অবগতির জন্য

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ব্রাহ্মণবাড়িয়া-২ ও মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৩১২ ব্রাহ্মণবাড়িয়া
২। জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া
৩। অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব), ব্রাহ্মণবাড়িয়া
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া
৫। সিনিয়র সহকারী সচিব, স্থানীয় সরকার বিভাগ, প্রজেই-২, স্থানীয় সরকার বিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

অনুলিপি অবগতি ও ইজারা বিজ্ঞপ্তি বহুল প্রচারের জন্য ঃ

৬। সহকারী কমিশনার(ভূমি), সরাইল, ব্রাহ্মণবাড়িয়া
৭। উপজেলা ....অফিসার, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া
৮। অফিসার ইনচার্জ, সরাইল থানা
৯। চেয়ারম্যান ....ইউ,পি, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া
১০। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা.............................. ইউনিয়ন ভুমি অফিস, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। ঢোল সহরতের মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণ পূর্বক তামিল প্রতিবেদন অত্রাফিসে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।
১১। জনাব ....
(১৪২৯ বাংলা সনের ইজারা গৃহীতা সরাইল, ব্রাহ্মণবাড়িয়া।)
১২। সম্পাদক, দৈনিক ...., ...। বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকায় স্বল্প পরিসরে ১(এক) দিনের জন্য প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১৩। নোটিশ বোর্ড

উপজেলা নির্বাহী অফিসার
সরাইল, ব্রাহ্মণবাড়িয়া